দৈনিক ইনকিলাব

তারিখ 21 DEC 1993
পৃষ্ঠা ... কলাম ...

### ইসলামী বিশ্ববিদ্যালয়

# রাজনৈতিক কর্মকাণ্ডের ওপর পুনরায় নিষেধাজ্ঞা আরোপ

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ২০ ডিসেম্বর (সংবাদদাতা)।- আগামী ১২ ফেব্রুয়ারি পর্যন্ত ইসলামী বিশ্ববিদ্যালয়ে সকল প্রকার রাজনৈতিক তৎপরতার ওপর পুনরায় নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। এ সময়ে ক্যাম্পাসে সকল প্রকার সভা-সমাবেশ, বিক্ষোভ মিছিল সম্পূর্ণরূপে নিষিদ্ধ। গত ৫ জুলাই সংঘটিত সন্ত্রাসী তাণ্ডবলীলার পর ইসলামী বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ সেপ্টেম্বরে বিশ্ববিদ্যালয় খুলতে সমর্থ হয় এবং তখন থেকেই রাজনীতি নিষিদ্ধ করা হয়। ইতোমধ্যেই ছাত্রশিবির কর্তৃপক্ষের নিষেধাজ্ঞা অমান্য করে হলেও ক্যাম্পাসে তাদের উত্তেজনামূলক মিছিল-মিটিং করেছে। কর্তৃপক্ষ এ সময় সম্পূর্ণ নীরব দর্শকের ভূমিকা পালন করেছেন। গত ১৯ ডিসেম্বর রাজনৈতিক তৎপরতার ওপর নিষেধাজ্ঞার মেয়াদ শেষ হওয়াতে আবার ৩য় বারের মতো তা বৃদ্ধির সিদ্ধান্ত সিন্ডিকেট কর্তৃক পাশ করানো হয়েছে।